

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৯০(আগরতলা ২৪১০৫)

আগরতলা, ২৪ মে, ২০২৪

মুঙ্গিয়াকামী ও তুলাশিখরে কীটনাশকযুক্ত মশারি বিতরণ

জাতীয় পতঙ্গবাহিত রোগ নিয়ন্ত্রণ প্রকল্পে গত ২০ মে তুলাশিখরে ও ২১ মে মুঙ্গিয়াকামীতে কীটনাশকযুক্ত মশারি বিতরণ করা হয়েছে। এই কর্মসূচিতে তুলাশিখর প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের আওতাধীন বাদলাবাড়ি আয়ুষ্মান আরোগ্য মন্দির এলাকার ৫৫টি পরিবারের মধ্যে কীটনাশকযুক্ত মশারি বিতরণ করা হয়েছে। মুঙ্গিয়াকামী প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের আওতাধীন বিভিন্ন আয়ুষ্মান আরোগ্য মন্দির এলাকায় ৫১৮টি পরিবারের মধ্যে এই কীটনাশকযুক্ত মশারি বিতরণ করা হয়েছে। পরিবার কল্যান ও রোগ প্রতিরোধক দপ্তরের ভারপ্রাপ্ত অধিকর্তা এক প্রেস রিলিজে এই সংবাদ জানিয়েছেন।
